

الْقِيَوْم

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৬৪ তম নাম ‘الْقِيَوْم’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الْقِيَوْم’ শব্দের মূল ق - و - م, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৬৬০ বার এসেছে। প্রতিষ্ঠা করা, দৃঢ় থাকা, জনগণ, বিচারের দিন, চিরস্থায়ী ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْقِيَوْم অর্থ: ‘তিনি চিরস্থায়ী’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّومُ ﴿٢٥٥﴾

আল্লাহ, নাই কোন ইলাহ তিনি ছাড়া। তিনি চিরঞ্জীব, চিরস্থায়ী। (সূরা আল বাকারা: আয়াত নং ২৫৫)

اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّومُ ﴿٢﴾

আল্লাহ, তিনি ছাড়া কোন উপাস্য নেই। তিনি চিরঞ্জীব, সমস্ত সৃষ্টির ধারক। (সূরা আল ইমরান: আয়াত নং ২)

وَعَنْتِ أَلْوَجُوهُ لِلْحَيِّ الْقَيُّومِ وَقَدْ خَابَ مَنْ حَمَلَ ظُلْمًا ﴿١١١﴾

সেদিন (বিচারের দিন) চিরঞ্জীব, চিরস্থায়ীর উদ্দেশ্যে সবাই হবে নতশির। সেদিন ব্যর্থ হবে সে, যে বইয়ে আনবে জুলুম। (সূরা তোয়াহা: আয়াত নং ১১১)

বোখারী শরীফের হাদীস:

নির্দিষ্ট সময়ে নিয়মিত সালাত আদায়কারীদের আল্লাহ সবচেয়ে বেশি ভালোবাসেন।

তিরমিজি শরীফের হাদীস:

তুমি যদি মানুষকে ভালোবাসো এবং কাছে টানো, তাহলে বিচারের দিন তুমি আল্লাহর নিকটবর্তী হবে।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! আসুন, বিচারের দিন যেন আমরা (দুনিয়ায় জুলুম করে) জুলুম বইয়ে নিয়ে না যাই। বিচারের দিন চিরঞ্জীব, চিরস্থায়ী আল্লাহর ভালোবাসা পাওয়ার জন্য এবং তার নিকটবর্তী হওয়ার জন্য আমরা নির্দিষ্ট সময়ে, নিয়মিত সালাত আদায় করি এবং মানুষকে ভালবাসি ও কাছে টানি।

আমরা আল্লাহর সাথে কাউকে শরিক না করি। কারণ শিরকের পাপ আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সাহায্য করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহা।